# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 02-09-2025** **Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) ভিন রাজ্যে বাংলা ভাষাভাষী মানুষকে হেনস্থার অভিযোগে রাজ্য বিধানসভায় আনা সরকারি প্রস্তাবের উপর আলোচনার প্রথম দিনে আজ শাসক ও বিরোধী দলের চাপান -উতোরে বিশেষ অধিবেশন উত্তপ্ত হয়ে ওঠে।

২) বিধানসভায় গন্ডগোলের অভিযোগে ফের সাসপেন্ড করা হলো বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে।

সেনা বাহিনীর পক্ষে কথা বলায় তাঁকে যদি সাসপেন্ড হতে হয়, তবে তিনি গর্বিত, বললেন শুভেন্দু।

৩) স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় বসতে চেয়ে অযোগ্য চিহ্নিত চাকরিহারাদের করা আবেদন কলকাতা হাইকোর্টে খারিজ।

প্রাথমিক নিয়োগ দুর্নীতি মামলায় যোগ্য-অযোগ্য বিচার করা আদালতের পক্ষে সম্ভব নয় বলে কলকাতা হাইকোর্ট জানিয়েছে।

৪) এবারের উচ্চ-মাধ্যমিকের তৃতীয় সেমিস্টারের পরীক্ষা শুরু হচ্ছে আগামী ৮-ই সেপ্টেম্বর থেকে।

৫) কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগে ডায়মন্ড হারবার এফ সি ২-০ গোলে খিদিরপুর ক্লাবকে হারিয়ে দিয়েছে।

৬) দক্ষিণবঙ্গের অধিকাংশ স্থানে বজ্রবিদ্যুৎ সহ হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভিন রাজ্যে বাংলা ভাষাভাষী মানুষকে হেনস্থার অভিযোগে রাজ্য বিধানসভায় আনা সরকারি প্রস্তাবের উপর আলোচনার প্রথম দিনে আজ শাসক বিরোধী চাপান উতোরে বিশেষ অধিবেশন উত্তপ্ত হয়ে ওঠে। বিজেপি শাসিত একাধিক রাজ্যে বাঙালি হেনস্থার পিছনে রাজনৈতিক অভিসন্ধি আছে বলে পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় অভিযোগ করেন।

আলোচনায় অংশ নিয়ে বিরোধী পক্ষের মুখ্য সচেতক শঙ্কর ঘোষ বলেন, তৃণমূল কংগ্রেসই এতদিন ধর্মের নামে বিভাজন ঘটানোর চেষ্টা করছিল। তা প্রকাশ্যে আসায় এখন প্রাদেশিকতা নিয়ে আবেগ তৈরির চেষ্টা চলছে। এরপরই ধর্মতলায় তৃণমূল কংগ্রেসের ভাষা আন্দোলনের মঞ্চ ভেঙে দেওয়ার ঘটনায় শাসক দলের নেতা-নেত্রীদের মন্তব্যে ভারতীয় সেনা বাহিনীকে অপমান করা হয়েছে, এই অভিযোগ তোলেন বিজেপি বিধায়কেরা।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে সাসপেন্ড করার পরই বিজেপি বিধায়করা সভা থেকে ওয়াক আউট করে বিধানসভার বাইরে এসে বিক্ষোভ দেখান। শ্রী অধিকারীর অভিযোগ, শিক্ষামন্ত্রী ভারতীয় সেনাকে বাংলাদেশের সেনাবাহিনীর সঙ্গে তুলনা করেছেন। তবে, সেনা বাহিনীর পক্ষে কথা বলায় তাঁকে যদি সাসপেন্ড হতে হয়, তবে তিনি গর্বিত।

(বাইট – শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভায় গোলমাল ও ভাঙচুরে অভিযুক্ত চার বিজেপি বিধায়ক তদন্তে দোষী সাব্যস্ত হয়েছেন। তবে তাঁদের বিরুদ্ধে কোনো কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হচ্ছে না বলে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

গত ২৩ জুন বিধানসভার অধিবেশন চলাকালীন শঙ্কর ঘোষ, মনোজ ওঁরাও, দীপক বর্মন এবং অগ্নিমিত্রা পালের বিরুদ্ধে ভাঙচুর ও কর্মীদের নিগ্রহের অভিযোগ ওঠে। এ বিষয়টি নিয়ে বিধানসভার প্রধান সচিবের নেতৃত্বে তদন্ত কমিটি গঠন করা হয়েছিল। তার ভিত্তিতে, ওই চার জন

ছাড়াও মোট ১০ জন দোষী সাব্যস্ত হয়েছেন। কিন্তু তাঁদের আপাতত সতর্ক ও সংযত করা হয়েছে। ভবিষ্যতে সংযত থাকার বার্তাও দেওয়া হয়েছে অভিযুক্ত বিধায়কদের।

(বাইট – অধ্যক্ষ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ট্রাফিক আইন লঙ্ঘনের অভিযোগে সেনা বাহিনীর একটি ট্রাককে কলকাতা পুলিশ আটকে রাখায় বিতর্কের সৃষ্টি হয়েছে। মহাকরণের সামনে ট্রাকটি হঠাৎ ডানদিকে বাঁকতে যায়, এরফলে সেটির পেছনে কলকাতা পুলিশের নগরপালের গাড়ি ছিল এবং সেটি বিপদে পড়তে পারতো বলে পুলিশ জানিয়েছে। পরে হেয়ারস্ট্রীট থানায় ওই ট্রাকটিকে নিয়ে আসা হয়। ফোর্ট উইলিয়াম থেকে সেনা বাহিনীর দুই আধিকারিক সেখানে পৌঁছন। কিছুক্ষণ কথা বলে বেরিয়েও যান তারা।

এদিকে, সেনাবাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে, ট্রাফিক সিগন্যাল খোলার থাকার জন্যই গাড়িটি ডানদিকে বাঁক নেয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সেনাবাহিনীর বিরুদ্ধে আপত্তিকর মন্তব্যের অভিযোগ তুলে আজ বিভিন্ন জেলায় বিজেপি নেতা কর্মীরা প্রতিবাদে বিক্ষোভে সামিল হন। পুরুলিয়ার ট্যাক্সিস্ট্যান্ড মোড়ে এক জমায়েত থেকে এই মন্তব্যের তীব্র সমালোচনা করা হয়।

এদিকে, ধর্মতলায় তৃণমূলের মঞ্চ ভারতীয় সেনার তরফ থেকে খুলে দেওয়ায় কোচবিহার শহরে মিছিল বের করে তৃণমূল কংগ্রেস।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

২০১৬ সালের স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় বসতে চেয়ে অযোগ্যদের আবেদন কলকাতা হাইকোর্ট খারিজ করে দিয়েছে। বিচারপতি সৌগত ভট্টাচার্য জানিয়েছেন, সুপ্রিমকোর্টের নির্দেশেই স্কুল সার্ভিস কমিশন ১ হাজার ৮০৬ জন অযোগ্যের তালিকা প্রকাশ করেছে। পাশাপাশি মামলা বর্তমানে শীর্ষ আদালতের বিচারাধীন।

উল্লেখ্য, ২৮ ও ২৯ অগাস্ট পরীক্ষায় বসতে চেয়ে সুপ্রিমকোর্টে দুটি মামলা বিচারাধীন রয়েছে শীর্ষ আদালতে। এই মামলাতেই সুপ্রিমকোর্ট অযোগ্যদের তালিকা প্রকাশ করতে নির্দেশ দিয়েছিল। এই পরিস্থিতিতে হাইকোর্ট স্কুল সার্ভিস কমিশন যে তালিকা প্রকাশ করেছে তাতে

হস্তক্ষেপ করা যথাযথ বলে মনে করছে না।সেই জন্য অযোগ্য প্রার্থীদের পরীক্ষায় বসতে চেয়ে আবেদন খারিজ করা হল বলে আদালত জানিয়েছে।

oooooooooooooooooooooo

প্রাথমিক নিয়োগ দুর্নীতি মামলায় যোগ্য-অযোগ্য বিচার করা আদালতের পক্ষে সম্ভব নয় বলে কলকাতা হাইকোর্ট জানিয়েছে। প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের ৩২ হাজারের বেশি চাকরি বাতিলের নির্দেশকে চ্যালেঞ্জ করে ডিভিশন বেঞ্চে দায়ের হওয়া মামলার শুনানিতে দুই বিচারপতি তপব্রত চক্রবর্তী এবং ঋতব্রত কুমার মিত্র জানিয়েছেন, আদালত যোগ্য – অযোগ্যের পৃথকীকরণ করতে পারে না। কিভাবে তা সম্ভব, তা নিয়েও প্রশ্ন তুলেছে ডিভিশন বেঞ্চ।

আগামী ১১-ই সেপ্টেম্বর এই মামলার পরবর্তী শুনানি। ওই দিন মামলাকারীদের পক্ষের আইনজীবীকে তাদের বক্তব্য জানাতে নির্দেশ দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooo

এবছর থেকে উচ্চমাধ্যমিকে চালু হয়েছে সেমিস্টার পদ্ধতিতে পরীক্ষা। এবারই প্রথম OMR সিটে পরীক্ষা হবে।২০২৬ এর উচ্চমাধ্যমিকে তৃতীয় সেমিস্টারের পরীক্ষা শুরু হচ্ছে আগামী ৮ সেপ্টেম্বর থেকে। এবছর পরীক্ষার্থীর সংখ্যা ৬ লাখ ৬০ হাজার। এ বছর ছাত্রদের থেকে ছাত্রীদের সংখ্যা প্রায় ৭৯ হাজার ৫৮২ জন বেশি। পরীক্ষার্থীদের মধ্যে ছাত্রদের হার ৪৩ দশমিক ৯/৭%। ছাত্রদের হার ৫৬ দশমিক ০/৩ শতাংশ।

পরীক্ষার ব্যবস্থাপনা নিয়ে আজ এক সাংবাদিক বৈঠকে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য জানান, সেমিস্টার পদ্ধতি বাস্তবায়নের মাধ্যমে স্কুল শিক্ষার ক্ষেত্রে এক ঐতিহাসিক পদক্ষেপ নেওয়া হয়েছে। সংসদের পক্ষ থেকে যাবতীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে। ৮ তারিখ থেকে পরীক্ষা শুরু হয়ে চলবে ২২ তারিখ পর্যন্ত। সকাল ১০ টা থেকে ১১ঃ টা ১৫ পর্যন্ত পরীক্ষা চলবে। সংগীত দৃশ্যকলা ও বৃত্তিমূলক বিষয়ের পরীক্ষা চলবে দশটা থেকে 10:45 পর্যন্ত।

গোটা রাজ্যে মোট ১২২টি পরীক্ষা কেন্দ্রকে স্পর্শকাতর হিসেবে চিহ্নিত করা হয়েছে। অন্য বছরের মতো এবছরও বাংলা ইংরেজি হিন্দি ও অলচিকি এই চার ভাষায় প্রশ্নপত্র হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকার রাজ্যে রাষ্ট্রীয় উচ্চতর শিক্ষা অভিযান বা রুসা প্রকল্পের কাজ দ্রুত শেষ করার নির্দেশ দিয়েছে। কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে চিঠি দিয়ে বলেন,২০১৩ সাল থেকে অনুমোদিত ২০৫টির মধ্যে মাত্র কয়েকটি প্রকল্প সম্পূর্ণ হয়েছে। ইতিমধ্যেই কেন্দ্র এই প্রকল্পের জন্য ৩৮৩দশমিক ৬৯কোটি টাকা দিয়েছে। তাসত্ত্বেও কাজের অগ্রগতি বিশেষ হয়নি। রাজ্য সরকারকে দ্রুত পদক্ষেপ নিয়ে বাকি প্রকল্পগুলি সম্পূর্ণ করার জন্য কেন্দ্রের পক্ষ থেকে শ্রী মজুমদার আবেদন জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে মল্লিকপুর আবদাস সকুর হাইস্কুলের প্রধানশিক্ষক অঞ্জন দাসকে আর্থিক তছরূপের দায়ে ওয়েস্টে বেঙ্গল বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশন ডিসিপ্লিনারী কমিটি সাসপেন্ড করেছে। তার বিরুদ্ধে দীর্ঘদিন ধরে অডিট না করানো, ম্যানেজিং কমিটির অনুমতি ছাড়াই তহবিলের অর্থ ব্যবহারের অভিযোগ উঠেছে। এছাড়াও বিদেশ ভ্রমণ সহ প্রায় ৩৫ লক্ষ টাকার আর্থিক তছরূপের অভিযোগ তুলেছেন স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি সুভাশিষ সাহু। নির্দিষ্ট তদন্তের পরই ডিসিপ্লিনারী কমিটির পক্ষ থেকে প্রধান শিক্ষককে সাসপেন্ড করার সিদ্ধান্ত নেওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং পূর্ব আসনের তৃণমূল কংগ্রেস বিধায়ক সওকত মোল্লার কনভয়ের সঙ্গে একটি বাইকের আজ সংঘর্ষ হলে ওই বাইক আরোহীর মৃত্যু হয়েছে। জানা গেছে, তাজ উদ্দীন নামে কড়েয়ার বাসিন্দা ওই ব্যক্তি বাইক নিয়ে সায়েন্সসিটির সামনে দিয়ে যাচ্ছিলেন। সে সময় সওকত মোল্লার কনভয়ে থাকা পুলিশের একটি পাইলট গাড়ি বাইকটিকে ধাক্কা মারে। গুরুতর আহত অবস্থায় তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। কিভাবে এই দুর্ঘটনা ঘটলো পুলিশ তা খতিয়ে দেখছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নৈহাটি স্টেডিয়ামে আজ কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগে ডায়মন্ড হারবার এফসি ২-০ গোলে খিদিরপুর ক্লাবকে হারিয়ে দিয়েছে।ডায়মন্ড হারবার এফ সি, র দিলীপ ওরাও ও সাইরুত কিমা গোল করেছেন।

বারাকপুর স্টেডিয়ামে সুরুচি সংঘ ৩-০ গোলে জর্জ টেলিগ্রাফকে পরাজিত করেছে। শেখ গোলাপ, তপন হালদার, কুন্তল পাখিরা গোল করেছেন।

চুঁচুড়ায় শ্রীভূমি এফ সি ও রেনবো এ সি, র খেলাটি ১-১ গোলে শেষ হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে তৈরি ঘূর্ণাবর্তটি আজ একটি নিম্নচাপ অঞ্চলে পরিণত হয়েছে। এটি আরও ঘনীভূত হয়ে পরবর্তী ২৪ ঘণ্টায় ওড়িশা হয়ে পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হবে । এর প্রভাবে দক্ষিণবঙ্গের অধিকাংশ স্থানে বজ্রবিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। কোন কোন স্থানে ভারী বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ড. হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন।মতস্যজীবিদের আগামীকাল পর্যন্ত সমূদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

(বাইট – হাবিবুর)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ বিশ্ব নারকেল দিবস। নারিকেলের উপকারিতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং নারকেল শিল্পকে উৎসাহিত করার লক্ষ্যে প্রতি বছর ২রা সেপ্টেম্বর এই দিনটি পালিত হয়। ভারত, আন্তর্জাতিক নারিকেল সম্প্রদায়ের I C C–এর প্রতিষ্ঠাতা সদস্য।

এই উপলক্ষে আজ কেরালার নারিকেল উন্নয়ন বোর্ড নারকেল চাষিদের জন্য আর্থিক সহায়তার পরিমাণ বাড়ানোর কথা ঘোষণা করেছে।

এদিকে, জলপাইগুড়িতে কেন্দ্রীয় ফসল অনুসন্ধান সংস্থা – CPCRI-এর পক্ষ থেকে শতাধিক কৃষককে নিয়ে একটি প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়েছিল। অনুষ্ঠানে আত্মনির্ভর ভারত গঠনে নারকেল, সুপারি, রাবার এবং বিভিন্ন বাগিচা ফসলের চাষ অত্যন্ত জরুরী। আজকের

শিবির থেকে চাষের পদ্ধতি, বিপণন এবং বাণিজ্যিকীকরণের ওপর বিশেষ জোর দেওয়া হয়। সংস্থার ভারপ্রাপ্ত আধিকারিক অরুণ কুমার শিট জানিয়েছেন, এই শিবের শতাধিক কৃষক যোগ দেন।

oooooooooooooooooooooo

নদীয়ার মোহনপুরে নারকেল উন্নয়ন পর্ষদ ও বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালযের যৌথ উদ্যোগে বিশ্ব নারকেল দিবস পালিত হয়। অনুষ্ঠানে নারকেল চাষের আধুনিক প্রযুক্তির ব্যবহার ,উৎপাদন বৃদ্ধি ও নানান রকম রোগ প্রতিরোধ ব্যবস্থা নিয়ে বিস্তারিত আলোচনা করেন বক্তারা। অনুষ্ঠানে ন্যাশনাল চেম্বার অফ কটেজ এন্ড স্মল ইন্ডাস্ট্রিজ এর চেয়ারম্যান ডঃ তাপস দে বলেন, শুধু নারকেল চাষই নয় নারকেলের মালা দিয়ে হস্তশিল্প করে অর্থ উপার্জন হতে পারে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডক্টর অশোক কুমার পাত্র বাড়িতে নারকেল গাছা লাগানোর জন্য আহ্বান জানান।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo